ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৬৬০

তেলিয়ামুড়া, ৭ নভেম্বর, ২০২৫

**তেলিয়ামুড়ায় বন্দে মাতরমের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান**

তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন এর উদ্যোগে আজ তেলিয়ামুড়া মহকুমার কবি নজরুল বিদ্যাভবন (উচ্চ মাধ্যমিক বিদ্যালয়)-এ বন্দেমাতরম-এর ১৫০তম বর্ষ উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, স্থানীয় জনগণ এবং এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ। সমবেত সবাই একসঙ্গে 'বন্দেমাতরম' গান পরিবেশন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়। এছাড়াও উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটির সভাপতি অচিন্ত্য ভট্টাচার্য, তেলিয়ামুড়া মহকুমা শাসক অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী প্রমুখ।

অনুষ্ঠানের সূচনায় সমবেতভাবে 'বন্দেমাতরম' গান পরিবেশনের পর প্রধান অতিথি কল্যাণী সাহা রায় ভারত মাতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, বন্দেমাতরম' সংগীত আমাদের জাতীয় চেতনা ও দেশপ্রেমের এক অনন্য প্রেরণার উৎস হিসেবে কাজ করে আসছে। তিনি উল্লেখ করেন, দেশের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের স্বাধীনতার ৭৫তম বর্ষপূর্তি উদযাপন থেকে শুরু করে বন্দেমাতরম-এর ১৫০তম বর্ষ উদযাপন পর্যন্ত ভারতবর্ষ এক নতুন ঐতিহাসিক অধ্যায় রচনা করছে। অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ জাতীয় স্তরে নয়া দিল্লিতে আয়োজিত কেন্দ্রীয় মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বক্তব্য ভার্চুয়াল মাধ্যমে প্রত্যক্ষ করেন।

******